ভেদরগঞ্জ উপজেলা পরিষদ
শরীয়তপুর।

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম-শহরের উন্নতি"

৫ম উপজেলা পরিষদের ২৭ তম সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি	: মোঃ হুমায়ুন কবির চেয়ারম্যান, ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।
সভার তারিখ	: ২৯ সেপ্টেম্বর ২০২১
সময়	: বেলা ১২.০০ টা
সভার স্থান	: শহিদ আক্কাচ-শহিদ মহিউদ্দিন সম্মেলন কক্ষ, ভেদরগঞ্জ, শরীয়তপুর।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হল :-

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, ভেদরগঞ্জ, শরীয়তপুর সভা পরিচালনা করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধন না থাকায় কার্যবিবরণী গৃহীত ও অনুমোদিত হয়। সভায় বিভাগ ও বিষয় ভিত্তিক আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। **উপজেলা স্বাস্থ্য বিভাগ :** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের অভ্যন্তরীণ ও বহি:বিভাগ এর সেবা কার্যক্রম চলমান রয়েছে। করোনা ভাইরাসে আক্রান্তের হার কিছু হলেও হ্রাস পাচ্ছে। অপর পক্ষে করোনা টিকা গ্রহণের জন্য ব্যাপকভাবে প্রচারনা চালানো হচ্ছে। করোনা প্রতিরোধে এবং টিকা প্রদানে সকলের সহযোগিতা কামনা করা হয়। যারা করোনা টিকা গ্রহণের জন্য রেজিস্ট্রেশন করেছেন, তাদেরকে এসএমএস পাওয়ার পর টিকা গ্রহণে আসার জন্য অনুরোধ করা হয়।

তিনি আরো জানান যে, স্বাস্থ্য কমপ্লেক্সের সীমানা প্রাচীরে ০৩ জায়গায় ভাঙ্গা রয়েছে, যা মেরামত করা একান্ত প্রয়োজন। মহিষার ০৩নং ওয়ার্ড কমিউনিটি ক্লিনিক মেরামত করা দরকার। টিকা প্রদান এবং স্যাম্পল কালেকশনের জন্য ০২টি বুথ করা প্রয়োজন। উপজেলা পরিষদ হতে ব্যবস্থা করা যায় কিনা, বিষয়টি বিবেচনার জন্য উপস্থাপন করা হলো।

০২। **পরিবার পরিকল্পনা বিভাগ :** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা(ভা:) সভায় জানান যে, ইউনিয়ন পরিবার কল্যান কেন্দ্রগুলো চেয়ারম্যান ও বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ তদরকী করলে সেবার মান বৃদ্ধি পাবে। চরকুমারিয়া ইউনিয়ন পরিবার কল্যান কেন্দ্রের কিছু গাছ কর্তন করা সম্ভব না হওয়ায় বাউন্ডারী নির্মাণ কাজ বন্ধ রয়েছে। ২০২০ সালে ফরেস্টারকে পত্র দিয়েও এ পর্যন্ত গাছ কর্তনের কোন কার্যকরী উদ্যোগ পাওয়া যায়নি।

০৩। **কৃষি বিভাগ:** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান যে, সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণ করার জন্য উপজেলা পরিষদ চত্বরে ১৪০০ বর্গফুট আয়তনের একটি স্থান প্রয়োজন। বর্তমানে উপজেলা পরিষদের পুকুরটির দক্ষিণ পূর্ব কোনে ডরমিটরির পিছনে এই বিভাগের একটি কৃষক প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণাধীন রয়েছে। এই নির্মানাধীন ভবনটির পশ্চিম দিকের খালি জায়গাটিতে ১৪ বর্গফুট জমি প্রস্তাবিত কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণের লক্ষে বরাদ্দ দেয়ার জন্য অনুরোধ করা হয়। সেই সাথে নির্মাণাধীন প্রশিক্ষণ কেন্দ্রে যাতায়াতের সুবিধার্থে প্রায় ১০৫ ফুট দির্ঘ ও ১২ফুট চওড়া একটি রাস্তা নির্মাণ প্রয়োজন। এই রাস্তাটি উপজেলা পরিষদের ব্যবস্থাপনায় নির্মাণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত : উপজেলা পরিষদ চত্বরে কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণ করার জন্য উপজেলা পরিষদ চত্বরের দক্ষিণ-পূর্ব কর্ণারে ১৪০০ বর্গফুট আয়তনের জায়গা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। রাস্তা নির্মাণের ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, ভেদরগঞ্জ পৌরসভাকে অনুরোধ করা হয়।

০৪। **প্রাণি সম্পদ বিভাগ :** উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আগামী ০৯ অক্টোবর বিশ্ব ডিম দিবস। প্রাণি সম্পদ বিভাগ ডিম উৎপাদন বৃদ্ধির লক্ষে কাজ করে যাচ্ছে। বর্তমানে মাংস ও দুধের উৎপাদন বৃদ্ধি পেয়েছে তাছাড়া মাংস ও দুধ উৎপাদনের লক্ষে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। গাভীর জাত উন্নয়ন কাজ চলমান আছে। কৃত্রিমভাবে উৎপাদিত সংকর জাতের গাভী ৫ থেকে ৩০লিটার পর্যন্ত দুধ দিয়ে থাকে। প্রাণি সম্পদ বিভাগের মাঠ কর্মীকে ইউনিয়ন পরিষদের বসার জন্য কক্ষ বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করা হয়।

০৫। **মৎস্য বিভাগ:** উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, আগামী ০৪ অক্টোবর থেকে ২৫ অক্টোবর পর্যন্ত মা ইলিশ সংরক্ষণ অভিযান চলবে। । এই সময়ে ইলিশ মাছ আহরণ, মজুদ, পরিবহনকরা আইনত দন্ডনীয় অপরাধ। যারা এই আইন অম্যান্য করবে তাদের জরিমানা বা জেল অথবা উভয় দন্ডই হতে পারে।উক্ত অভিযান সফল করার জন্য বিভিন্ন সচেতনেতা কার্যক্রম পরিচালনা ও সভা সমাবেশ অনুষ্ঠিত হবে।

০৬। উপজেলা প্রকৌশল অফিস: উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

০৭। প্রাথমিক শিক্ষা বিভাগ : উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে শিশু শ্রেণীর ক্লাস বন্ধ রয়েছে। ৫ম শ্রেনীর ক্লাস প্রতিদিন চলছে। অন্যান্য শ্রেণীর ক্লাস সপ্তাহে ০১দিন করে চলমান আছে। এটি বাড়ার সম্ভাবনা রয়েছে। কোন ছাত্র-ছাত্রী অসুস্থ্য হলে দ্রুত চিকিৎসার ব্যবস্থা করতে এবং কর্তৃপক্ষকে অবহিত করতে নির্দেশনা দেয়া হয়েছে।

তিনি আরো জানান যে, ৯৭নং উত্তর চরকুমারিয়া ঢালী বাড়ি ঢালীকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয় ও ১১৭নং দক্ষিণ তারাবুনিয়া সরকার বাড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয় শরীয়তপুর চাঁদপুর ভায়া ইব্রাহীমপুর ফেরিঘাট আঞ্চলিক মহাসড়কে চলে যাবে। বিদ্যালয় দু'টি রক্ষা করা প্রয়োজন বা বিকল্প ব্যবস্থা করা প্রয়োজন।

০৮ মাধ্যমিক শিক্ষা বিভাগ : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গত ১২ সেপ্টেম্বর বিদ্যালয় খুলেছে। স্বাস্থ্যবিধি মেনে পাঠদান চলমান রয়েছে। আগামী ১৪ নভেম্বর ২০২১তারিখ হতে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এইচএসসি পরীক্ষা আগামী ০২ ডিসেম্বর ২০২১ তারিখ হতে শুরু হবে। এবার এসএসসি পরীক্ষা সংক্ষিপ্ত সিলেবাসে হবে এবং কিছু বিষয়ে বিষয় ভিত্তিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

০৯। উপজেলা সমাজসেবা বিভাগ : উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তার বিভাগের স্বাভাবিক কার্যক্রম চলছে। সমাজসেবা অফিসের আওতায় রোগী কল্যান সমিতি মাধ্যমে হসপিটালে ভর্তিকৃত রোগীদের ঔষধ সহায়তা প্রদান করা যায়। বিশেষ করে গরীব রোগীদের ঔষধ সেবা প্রদানের জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ০১টি রুম বরাদ্দ প্রয়োজন। এই সহায়তা বরাদ্দের অর্থ উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ও উপজেলা সমাজসেবা কর্মকর্তার যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। তাছাড়া সরকার ১০ ক্যাটাগরির জনগনের জরীপ কার্যক্রম পরিচালনা করছে।

সিদ্ধান্ত: উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা গরীব রোগীদের ঔষধ সহায়তা প্রদানের লক্ষে সমাজ সেবা অফিসের জন্য ০১টি রুম বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১০। উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) :উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম করোনা ভাইরাসের কারণে সঠিকভাবে করা যাচ্ছে না। তারপরও মাননীয় প্রধানমন্ত্রী ১,৭১,৫০,০০০/- টাকা ক্ষুদ্র ঋণ দেয়ার জন্য বরাদ্দ দিয়েছেন। এ জন্য মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ :উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের টিআর, কাবিখা, কাবিটার বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ বিভাজন করে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান নিকট হইতে প্রকল্প চাওয়া হয়েছে। মুজিব বর্ষ উপলক্ষে গৃহহীনদের ঘর নির্মাণ ও বিতরণ কার্যক্রম চলমান রয়েছে।

১২। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ : সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরে দরপত্র আহবানকৃত গভীর নলকূপ স্থাপন কার্যক্রমের আওতায় ৫৪৮টি গভীর নলকুপ স্থাপন কাজের মধ্যে ৪২৬টি গভীর নলকুপ স্থাপন করা হয়েছে বাকী ১২২টি নলকুপ স্থাপনের কাজ চলমান আছে। তাছাড়া ০৬টি ওয়াস ব্লকের কাজ চলমান আছে। ২০২১-২২ অর্থ বছরে ৩৩৮টি গভীর নলকূপ স্থাপনের বরাদ্দ পাওয়া গেছে। ইউপি হতে তালিকা চাওয়া হয়েছে এবং কয়েকটি ইউপি হতে তালিকা পাওয়া গেছে। আশ্রয়ন প্রকল্পে নলকূপ ও বিদ্যুৎ লাইন স্থাপন করা হবে।

১৩। উপজেলা যুব উন্নয়ন বিভাগ : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তাদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। করোনা পরিস্থিতি স্বাভাবিক হতে শুরু করায় যুব প্রশিক্ষণ কাযক্রম পুনরায় চালু হবে।

১৪। উপজেলা সমবায় বিভাগ : উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১৫। উপজেলা মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না।

১৬। বন বিভাগ : উপজেলা ফরেস্টার সভায় জানান যে, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মুজিববর্ষ উপলক্ষে অত্র উপজেলায় অনেক বৃক্ষরোপন করা হয়েছে।

১৭। পল্লী সঞ্চয় ব্যাংক : ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংকসভায় জানান যে, তার বিভাগের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম যথাযথভাবে চলছে।

১৮। **পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন :**উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের ঋণ বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । ঋণ আদায়ের পরিমাণ কিছুটা কম।

১৯। **পল্লী বিদ্যুৎ সমিতি :**এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, সাব জোনাল অফিস, ভেদরগঞ্জ সভায় জানান যে, ২২ হাজার গ্রাহকের দৈনিক ৬.০৬ মেগাওয়াট বিদ্যুৎ চাহিদা রয়েছে। আগামী মাসে ভেদরগঞ্জ এ বিদ্যুৎ বিভাগের সাব জোনাল অফিস চালু করা হবে এবং সেবা দ্রুত দেয়া সম্ভব হবে বলে আশা করছি।

২০। **তথ্য আপা :**তথ্যসেবা কর্মকর্তা, মহিলা সংস্থা, ভেদরগঞ্জ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

বিবিধ আলোচনা:

০১। **অগ্নিকান্ড, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের পুন:বাসন ও বেওয়ারিশ লাশ দাফন অনুদান প্রদান সংক্রান্ত:**
উপজেলা নির্বাহী অফিসার জানান যে, অগ্নিকান্ড, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের পুন:বাসন ও বেওয়ারিশ লাশ দাফন এর আওতায় প্রাপ্ত আবেদনের বিষয়ে আলোচনা করা হয়। নিম্নে উল্লিখিত আবেদনকারীদের আবেদনগুলো বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল হতে নিম্নরূপ হারে আর্থিক অনুদান অনুমোদন করা হয়।

ক্রমিক নং	আবেদনকারীর নাম ও ঠিকানা	যে কারণে আর্থিক অনুদান চাওয়া হয়েছে	টাকার পরিমাণ
০১	নজরুল ইসলাম সরদার, পিতা: মৃত চান মিয়া সরদার, গ্রাম: উত্তর চরকুমারিয়া মাষ্টার কান্দি, চরকুমারিয়া ০১নং ওয়ার্ড।	বসত ঘর আগুনে পুড়ে যাওয়ায় আর্থিক অনুদান	=৫,০০০/-
০২	ছানাউল্লাহ সরদার, পিতা: মজি রকমান সরদার, গ্রাম: উত্তর চরকুমারিয়া মাষ্টার কান্দি, চরকুমারিয়া ০১নং ওয়ার্ড।	বসত ঘর আগুনে পুড়ে যাওয়ায় আর্থিক অনুদান	=৫,০০০/-

০২। **প্রকল্প সংক্রান্ত:**

ক।উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য জনাব নাছিমা আক্তার সভায় জানান যে, মহিষার ইউনিয়নের ০৭নং ওয়ার্ডে গিয়াসউদ্দিন মোল্যার বাড়ী হইতে মেইন রাস্তা পর্যন্ত রাস্তা ইটের সলিং করা প্রয়োজন। সভায় এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে উক্ত রাস্তাটি প্রকল্প প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন করার সিদ্ধান্ত হয়।

প্রকল্পের নাম: মহিষার ইউনিয়নের ০৭নং ওয়ার্ডে গিয়াসউদ্দিন মোল্যার বাড়ী হইতে মেইন রাস্তা পর্যন্ত রাস্তা ইটের সলিং।

প্রকল্প বাস্তবায়ন কমিটি: বরাদ্দ-২,০০,০০০/ - টাকা।

ক্রমিক নং	নাম ও ঠিকানা	পরিচিতি	পদবী
০১	নাছিমা বেগম	সংরক্ষিত মহিলা সদস্য	সভাপতি
০২	মো: সুমন	নলকুপ মেকানিক, জঃ প্রকৌঃ অঃ	সদস্য
০৩	মো: রতন হাওলাদার	সমাজসেবক	সদস্য
০৪	মো: রাকিব হাসান	গন্যমান্য	সদস্য
০৫	সেকান্দর মিঝি	সমাজসেবক	সদস্য
০৬	সেলিম মাস্টার	শিক্ষক	সদস্য
০৭	হাসান দেওয়ান	গন্যমান্য	সদস্য

উপজেলা প্রকৌশলী প্রাক্কলন প্রস্তুত করবেন এবং বাস্তবায়ন কার্যক্রম তদারকি করবেন। উক্ত ব্যয় উপজেলা উন্নয়ন তহবিল হতে নির্বাহ করা হবে।

খ। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, মেয়েদের বয়সন্ধিকালে শারিরীক বিভিন্ন পরিবর্তন ঘটে। এ সময় তাদের রেষ্ট এবং নিবিড় পর্যবেক্ষণ প্রয়োজন। বিষয়টি বিবেচনা করে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কমনরুম তৈরী করা প্রয়োজন। বিশেষ করে বালিকা বিদ্যালয়গুলোতে কমনরুম স্থাপন করা একান্ত প্রয়োজন। সভায় এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নে উল্লিখিত প্রতিষ্ঠানে আরএফকিউ এর মাধ্যমে কমনরুম স্থাপনের সিদ্ধান্ত হয়।

প্রকল্পের নাম: ১। ভেদরগঞ্জ উপজেলার মনোয়ারা সিকদার বালিকা উচ্চ বিদ্যালয়ে মেয়েদের জন্য কমনরুম নির্মাণ। ৩,৫৮,৯৯৮/- টাকা।

প্রকল্পের নাম: ২। ভেদরগঞ্জ উপজেলার শামছুন্নাহার বালিকা উচ্চ বিদ্যালয়ে মেয়েদের জন্য কমনরুম নির্মাণ। ৩,৩৭,২১৩/- টাকা।

উপজেলা প্রকৌশলী প্রাক্কলন প্রস্তুত করবেন এবং বাস্তবায়ন কার্যক্রম তদারকি করবেন। উক্ত ব্যয় উপজেলা উন্নয়ন তহবিল হতে নির্বাহ করা হবে।

গ। ইউ.জি.ডি.পি প্রকল্পের পক্ষে উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি, ভেদরগঞ্জ, শরীয়তপুর, সদস্য সচিব, প্রকল্প যাচাই বাছাই কমিটি, সভাকে অবহিত করেন যে, চলতি ২০২০-২০২১ অর্থ বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর থেকে অবকাঠামো উন্নয়নে ৪০,০০,০০০.০০(চল্লিশ লক্ষ) টাকার সর্বমোট ২টি যাচাই বাছাইকৃত ও অগ্রাধিকার ভিত্তিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প অদ্যকার সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন (পরিশিষ্ট-ক)। এরই ধারাবাহিকতায় চলতি ২০২০-২০২১ অর্থ বছরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সক্ষমতা উন্নয়নে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার সর্বমোট ৮টি উন্নয়ন প্রকল্প যাচাই বাছাইকৃত ও অগ্রাধিকারভিত্তিক সক্ষমতা উন্নয়ন প্রকল্প অদ্যকার সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন (পরিশিষ্ট-খ)। উপরোক্ত প্রকল্পগুলি অনুমোদিত হলে চূড়ান্ত অনুমোদন ও বরাদ্দ প্রাপ্তির নিমিত্তে প্রকল্প অফিসে প্রেরণ করা হবে।

সিদ্ধান্ত : উপজেলা প্রকৌশলী কর্তৃক উত্থাপিত যাচাই বাছাইকৃত অগ্রাধিকার তালিকার (পরিশিষ্ট-খ) এবং (পরিশিষ্ট-খ) নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সর্বমোট অবকাঠামো উন্নয়ন বাজেট ৪০,০০,০০০/-(চল্লিশ লক্ষ) টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে ক্রমিক ০২পর্যন্ত সর্বমোট ০২টি প্রকল্প উপজেলা পরিষদের অবকাঠামো উন্নয়নে অধিক গুরুত্বপূর্ণ ভূমিকা থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।এছাড়া সর্বমোট সক্ষমতা উন্নয়ন বাজেট ১০.০০(দশ লক্ষ) টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে ক্রমিক ০৮পর্যন্ত সর্বমোট ০৮টি উন্নয় প্রকল্প উপজেলা পরিষদের জনবলের সক্ষমতা উন্নয়নে অধিক গুরুত্বপূর্ণ ভূমিকা থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় এ ব্যাপারে পরবর্তী ব্যবস্থা গ্রহণে উপজেলা প্রকৌশলীসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।

০৩। হাট-বাজার প্রকল্প অনুমোদনঃ

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির গত ২৫ আগস্ট ২০২১ তারিখের সভায় অনুমোদিত প্রকল্পগুলো বাস্তবায়নের নিমিত্ত উপজেলা পরিষদ সভার অনুমোদন প্রয়োজন। অনুমোদনের নিমিত্ত সভায় উপস্থাপন করা হলো। বিস্তারিত আলোচনা শেষে পরিশিষ্ট "ক" তে উল্লিখিত প্রকল্প গুলো বাস্তবায়নের নিমিত্ত চূড়ান্তভাবে অনুমোদন করা হয়।

০৪। ভেদরগঞ্জ উপজেলায় কৃষকদের গভীর/অগভীর নলকুপ স্থাপনের লাইসেন্স ও ছাড়পত্র প্রদান প্রসংগেঃ

উপজেলা নির্বাহী অফিসার সভায়র জানান যে, ভেদরগঞ্জ উপজেলা বোর ধান চাষের জন্য কৃষকগন অগভীর নলকুপ স্থাপন এবং নদীর পানি সেচের মাধ্যমে ব্যবহারের জন্য লাইসেন্স পাওয়ার জন্য আবেদন করেছেন। সংশ্লিষ্ট আবেদনের প্রেক্ষিতে যাচাই-বাচাই এবং তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনের আলোকে সংশ্লিষ্ট কৃষকদের নামে সেচ কাজের সুবিদার্থে অগভীর নলকুপ স্থাপন/নদী থেকে পানি উত্তোলনের জন্য লাইসেন্স বা ছাড়পত্রের অনুমোদন দেওয়া হলো। নিম্নে অগভীর নলকুপ স্থাপনের লাইসেন্সপ্রাপ্ত বা নদীর পানির মাধ্যমে সেচ পরিচালনার জন্য ছাড়পত্রপ্রাপ্ত অনুমোদনকৃত কৃষকদের তালিকা এবং লাইসেন্স নম্বর বা ছাড়পত্র নম্বরঃ

ক্রমিক নং	লাইসেন্স/ছাড়পত্র প্রাপ্ত কৃষকদের নামের তালিকা ও ঠিকানা	নলকুপের ধরন/ পানির উৎস	লাইসেন্স/ ছাড়পত্র নম্বর
০১.	মামুন কবির, পিতাঃ জলিল মৃধা, গ্রামঃ ঠাকুরতাকান্দি, ডাকঘরঃ বাঐকান্দি, নারায়নপুর ইউনিয়ন।	অগভীর	ভেদর-১৩১
০২.	আঃ কাদির, পিতাঃ হালিম বেপারী, গ্রামঃ মালেক বেপারী কান্দি, ডাকঘরঃ বালারহাট, চরসেন্সাস ইউনিয়ন।	অগভীর	ভেদর-১৩২
০৩.	মমিন, পিতাঃ মৃত সামসুল হক সরদার, গ্রামঃ সরদার কান্দি, ডাকঘরঃ ডিএমখালী, ডিএমখালী ইউনিয়ন।	অগভীর	ভেদর-১৩৩
০৪.	মোঃ কাজল মোল্যা, পিতাঃ মোঃ নুরু মোল্যা, গ্রামঃ সাত্তার মোল্যার কান্দি, ডাকঘরঃ দক্ষিণ চরকুমারীয়া, চরকুমারীয়া ইউনিয়ন।	অগভীর	ভেদর-১৩৪
০৫.	দিলু মাদবর, পিতাঃ মৃত ফজলু মাদবর, গ্রামঃ সুযমনি ০৫নং ওয়াড, নারায়নপুর ইউনিয়ন।	অগভীর	ভেদর-১৩৫
০৬.	মোঃ বাবুল রাড়ী, পিতাঃ মৃত আঃ খালেক রাড়ী, গ্রামঃনারায়নপুর, ডাকঘরঃ বাঐকান্দি, নারায়নপুর	অগভীর	ভেদর-১৩৬

০৩। উপজেলা পরিষদের মালি ও সুইপার মজুরী সংক্রান্তঃ উপজেলা নির্বাহী অফিসার স্থানীয় সরকার বিভাগের ০৯ নভেম্বর ২০২০খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০১৫.০০৪..১২.(অংশ)-৮৮৩ নং স্মারকের নির্দেশনা পাঠ করে শুনান। উক্ত নির্দেশনায় উপজেলা পরিষদের দৈনিক হাজিরার ভিত্তিতে নিয়োজিত মালি ও সুইপারের দৈনিক মজুরির হার দক্ষ মালি ও সুইপার ৫৫০/-(পাঁচশত পঞ্চাশ) টাকা এবং অদক্ষ মালি ও সুইপার দৈনিক মজুরি হার ৫০০/-(পাঁচশত) টাকা নির্ধারণ করা হয়েছে। এই বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে আগামী ০১ অক্টোবর ২০২১খ্রিঃ তারিখ হতে উপজেলা পরিষদের দৈনিক হাজিরার ভিত্তিতে নিয়োজিত মালি ও সুইপার দক্ষ হওয়ায় তাদের মজুরি ৫৫০/-(পাঁচশত পঞ্চাশ) টাকা হারে প্রদানের সিদ্ধান্ত হয়।

০৪। গৌরবান্বিত বিজয়ের ৫০ বছর উদযাপন উপলক্ষে উপজেলা রাজস্ব তহবিল হতে অর্থ ব্যয় সংক্রান্ত:

গৌরবান্বিত বিজয়ের ৫০ বছর উদযাপন উপলক্ষে উপজেলা প্রশাসন ও পরিষদ ব্যপক কর্মসূচি গ্রহণের পরিকল্পনা রয়েছে। উক্ত কর্মসূচি বাস্তবায়ন করার জন্য ৬(ছয়) লক্ষ টাকার মতো ব্যয় হবে। সরকারিভাবে যে অর্থ বরাদ্দ দেয়া হয় তাতে ব্যয়ের নুন্যতম চাহিদাও পুরণ হয়না। তাই বিজয়ের ৫০ বছর উদযাপন কর্মসূচি বাস্তবায়নে উপজেলা রাজস্ব তহবিল হতে ৩(তিন) লক্ষ টাকা ব্যয় করার জন্য স্থানীয় সরকার বিভাগের অনুমোদন প্রয়োজন। অনুমোদনের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫। মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীনদের গৃহ নির্মান সংক্রান্ত:উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগের ০৪ জানুয়ারি ২০২১খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৬০.২০২০-১১ স্মারকের নির্দেশনা আলোকে উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে ভেদরগঞ্জ উপজেলায় ০৩টি ভূমিহীন ও গৃহহীনদের ঘর নির্মান করার নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনার আলোকে ২৪ জুন ২০২১ খ্রিঃ তারিখ উপজেলা পরিষদের সাধারন সভায় ০৩ জন ভূমিহীন ও গৃহহীন সুবিধাভোগীকে গৃহনির্মান করার সিদ্ধান্ত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে স্থানীয় সরকার বিভাগে ১৯ ডিসেম্বর ২০২০ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০০৪.২০১৯-১২৪০/১(১০) স্মারকে উপজেলা পরিষদ কর্তৃক গৃহ নির্মানের জন্য প্রকল্প বাস্তবায়ন কমিটি দেওয়া হলো।

ক্রমিক নং	কর্মকর্তার নাম	পদবী	কমিটিতে অবস্থান
০১.	তানভীর-আল-নাসীফ	উপজেলা নির্বাহী অফিসার	সভাপতি
০২.	আকলিমা বেগম লিপি	মহিলা ভাইস চেয়ারম্যান	সদস্য
০৩.	মোঃ আকতার হোসেন	উপজেলা প্রকৌশলী	সদস্য
০৪.	মোঃ মোজাম্মেল হক	ইউপি চেয়ারম্যান (সংশ্লিষ্ট ইউনিয়ন)	সদস্য
০৫.	মোঃ নাজিম উদ্দিন তালুকদার	ইউপি চেয়ারম্যান (সংশ্লিষ্ট ইউনিয়ন)	সদস্য
০৬.	মোঃ হুমায়ুন কবির	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	সদস্য-সচিব

উল্লেখিত প্রকল্প বাস্তবায়ন কমিটি মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়ন প্রকল্পের আওতায় গৃহ নির্মানের জন্য প্রত্যেকটি ঘরের প্রাক্কলিত ব্যয় ভ্যাট ও আয়কর ব্যতীত ১,৭১,০০০/-(এক লক্ষ একাত্তর হাজার) টাকা ব্যয়ে নিম্নবর্ণিত ০৩ জন সুবিধাভোগীদের গৃহ নির্মান করার ব্যবস্থা করেন।

ক্রমিক নং	সুবিদাভোগী ব্যক্তির নাম, পিতা ও মাতার নাম	ঠিকান	মোবাইল নম্বর
০১।	রতন খাঁ, পিতা: আলী হোসেন মাতা: সামছুন নেছা	গ্রাম: পেদাকান্দি, ডাকঘর: দক্ষিন চরকুমারীয়া, উপজেলা: ভেদরগঞ্জ	০১৭৫৯৫৪৭৪৯৯
০২।	মোঃ আনোয়ার হোসেনস/ মোঃ দেলোয়ার হোসেন খান, পিতা: মোঃ জয়নাল খান, মাতা: সাফিয়া বেগম	গ্রাম: ইকরকান্দি, ডাকঘর: বাঐকান্দি, উপজেলা : ভেদরগঞ্জ	০১৯২০৯৮৫৪০৫
০৩।	সাত্তার হাওলাদার, পিতা: রকমান হাওলাদার, মাতা: আছিয়া বেগম	গ্রাম: ইকরকান্দি, ডাকঘর: বাঐকান্দি, উপজেলা : ভেদরগঞ্জ	০১৪০১৭৭৪৯৭৩

উল্লেখিত সুবিধাভোগীদের গৃহনির্মান কাজ শেষ হওয়ায় ০৩টি গৃহনির্মানের খরচ প্রত্যেকটি ভ্যাট ও আয়কর ব্যাতীত ১,৭১,০০০/- (এক লক্ষ একাত্তর হাজার) টাকা করে সর্বমোট ৫,১৩,০০০/-(পাঁচ লক্ষ তের হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫। উপজেলা সেচ তহবিল সংক্রান্ত: উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা বিভিন্ন ইউনিয়নে প্রান্তিক পর্যায়ের কৃষকদের ধান ও অন্যান্য ফসল চাষাবাদ করার জন্য সেচকাজের প্রয়োজন হয়। উক্ত সেচ কাজ পরিচালনার জন্য অগভীর/গভীর নলকূপ স্থাপন বা নদীর পানি ব্যবহার করে সেচকাজ করার জন্য উপজেলা পরিষদ হইতে লাইসেন্স বা ছাড়পত্র গ্রহন করতে হয়। কৃষি মন্ত্রনারয়ের ২০ মে ২০১৯খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন ও কৃষিকাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা ২০১৯ অনুসারে সহকারী প্রকৌশলী (বিএডিসি), শরীয়তপুর এবং উপজেলা নির্বাহী অফিসারে যৌথ স্বাক্ষরে 'উপজেলা সেচ তহবিল' নামে সোনালী ব্যাংক লিমিটেড, ভেদরগঞ্জ শাখায় সঞ্চয়ী হিসাব নং-২১০২২০১০২৬১৬ হিসাব খোলা হয়। কৃষিকাজের লাইসেন্স গ্রহণ করার জন্য সরকার কর্তৃক নির্ধারিত হারে উপজেলা সেচ তহবিলে ফি প্রদান করে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে হয়। উক্ত আবেদন যাচাই-বাচাই করে উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে সেপ্টেম্বর/২০২১ খ্রিঃ পর্যন্ত ৩৮ জন কৃষককে উপজেলা পরিষদ হইতে লাইসেন্স/ছাড়পত্র প্রদান করা হয়েছে। সেচকাজের লাইসেন্স প্রদান সংক্রান্ত কাজ করার জন্য বিনামূল্যে আবেদন ফরম সরবরাহ, ফাইল, কাগজপত্র, ফোটোকপিসহ অন্যান্য আনুষাঙ্গিক অফিস সরঞ্জাম দ্রব্যদির ব্যয় বাবদ ৮,৮০০/-(আট হাজার আটশত) টাকা বিল দাখিল করা হয়েছে। এই বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে উক্ত আনুষাঙ্গিক ব্যয় উপজেলা সেচ তহবিল হতে পরিশোধ করা সিদ্ধান্ত হয়।
বাস্তবায়ন: সহকারী প্রকৌশলী (বিএডিসি),শরীয়তপুর এবং উপজেলা নির্বাহী অফিসার, ভেদরগঞ্জ,শরীয়তপুর।

০৬। **বিভিন্ন ব্যয় অনুমোদন:**বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল দ্বারা সম্পাদনের জন্য নিম্নোক্ত ব্যয় অনুমোদন করা হয়।

ক্রমিক নং	বিবরণ	টাকার পরিমাণ
০১.	উপজেলা পরিষদ চেয়ারম্যান বাসভবন (তথ্য অফিসের) পানির মটর ও ট্যাংকি স্থাপন।	১৭,৫০০/-
০২.	উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২১ মাসের ইন্টারনেট বিল।	১,০০০/-
০৩.	উপজেলা পরিষদ কার্যালয়ের ফটোকপি মেশিনের নতুন লাইন স্থাপন এবং ০৪টি এলইডি লাইট স্থাপন।	২,৭৫০/-
০৪.	উপজেলা পরিষদ কার্যালয়ের জন্য ০২টি এন্ট্রিভাইরাস সফটওয়ার ক্রয়।	২,০০০/-
০৫.	উপজেলা পরিষদের অভ্যন্তরীন ঝোপঝাড় পরিষ্কারকরন।	৬,৬০০/-
০৬.	উপজেলা পরিষদের সোলার বিদ্যুৎ এর ব্যাটারীর পানি সরবরাহ ও সার্ভিসিং।	৩,০০০/-
০৭.	উপজেলা পরিষদ কার্যালয়ের জন্য ০১টি কম্পিউটার কি-বোর্ড এবং ০২টি পেনড্রাইভ ক্রয়।	৩,২০০/-
০৮	উপজেলা পরিষদের শহিদ আক্কাচ-শহিদ মহিউদ্দিন সম্মেলন কক্ষ মেরামত ও বোর্ড স্থাপন	২৫,০০০/-

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে এবং গৃহীত সিদ্ধান্ত সুষ্ঠুভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

HKabir
মো: হুমায়ুন কবির
চেয়ারম্যান
ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।

স্মারক নং-০৫.৩০.৮৬১৪.০০০.০৯.০০১.১৭-৮৩৬ তারিখঃ১৯অক্টোবর ২০২১

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

০১. মাননীয় সংসদ সদস্য, শরীয়তপুর-২ ও মাননীয় উপমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
০২. মাননীয় সংসদ সদস্য, শরীয়তপুর-৩, বাংলাদেশ জাতীয় সংসদ-২২৩, জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
০৩. মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ, সংরক্ষিত আসন ৩৯।
০৪. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা।
০৫. জেলা প্রশাসক, শরীয়তপুর।
০৬. চেয়ারম্যান, ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।
০৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।
০৮. মেয়র, ভেদরগঞ্জ পৌরসভা, শরীয়তপুর।
০৯. উপজেলা ---------------------------------- কর্মকর্তা, ভেদরগঞ্জ, শরীয়তপুর।
১০. চেয়ারম্যান, --- ইউনিয়ন পরিষদ (সকল), ভেদরগঞ্জ, শরীয়তপুর।
১১. জনাব --
১২. অফিস কপি।

১৯/১০/২১
তানভীর-আল-নাসীফ
উপজেলা নির্বাহী অফিসার
ভেদরগঞ্জ, শরীয়তপুর।

পরিশিষ্ট 'ক'

হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদিত ১৫% খাত হতে বাস্তবায়নের জন্য গৃহিত প্রকল্প সমূহের বিবরণ নিম্নরূপ:

ক্রমিক নং	প্রকল্পের নাম	খাত	বরাদ্দকৃত অর্থ
০১	সখিপুর গো-হাটের বিভিন্ন জায়গায় বালু ভরাট	বাজার উন্নয়ন	২,০০,০০০/-
০২	সখিপুর বাজারে হাসান সরদারের দোকান হতে স'মিলের মোড় পর্যন্ত রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন	যোগাযোগ	২,০০,০০০/-
০৩	সখিপুর বাজারে তাপশ সরদারের দোকান হতে নাসির সরদারের দোকান পর্যন্ত রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন।	যোগাযোগ	২,০০,০০০/-
০৪	সখিপুর বাজারে সফি মাদবরের দোকন হতে সরাই খানা পর্যন্ত রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন	যোগাযোগ	২,০০,০০০/-
০৫	সখিপুর বাজারে আব্দুল্লার দোকান হতে তাপশ সরদারের দোকান পর্যন্ত রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন।	যোগাযোগ	২,০০,০০০/-
০৬	উত্তর তারাবুনিয়া চেয়ারম্যান বাজার মহিউদ্দিনের দোকান থেকে সোলাইমানের দোকান পর্যন্ত ড্রেনের ঢাকনা নির্মাণ ও ড্রেন সংস্কার	জনস্বাস্থ্য	২,০০,০০০/-
০৭	উত্তর তারাবুনিয়া চেয়ারম্যান বাজার সোলাইমানের দোকান থেকে গণি সরকারের দোকান পর্যন্ত রাস্তা আরসিসিকরণ	যোগাযোগ	২,০০,০০০/-
০৮	উত্তর তারাবুনিয়া নুরু মাঝির বাজার আ: খালেকের দোকান থেকে নুর হোসেন মালেরদোকান পর্যন্ত রাস্তা এইচবিবিকরণ	যোগাযোগ	২,০০,০০০/-
০৯	চরকুমারিয়া উচ্চ বিদ্যালয়ের পূর্ব উত্তর পার্শ্ব হতে মাছ বাজার পর্যন্ত ড্রেন ও স্লাব নির্মাণ।	জনস্বাস্থ্য	২,০০,০০০/-
১০	ডিএমখালি বাজারে শাহ আলম এর দোকান হতে মাছ বাজার পর্যন্ত রাস্তা সিসি ঢালাইকরণ	যোগাযোগ	২,০০,০০০/-
১১	সখিপুর বাজারের দক্ষিণ পাশে ব্রীজ সংলগ্ন ঘাটলা নির্মাণ।	জনস্বাস্থ্য	৫,০০,০০০/-
১২	সখিপুর বাজারে ইকতারুল সরদারের দোকান হতে হাসান সরদারের দোকান পর্যন্ত রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন।	যোগাযোগ	২,০০,০০০/-
	সখিপুর বাজারে সরকার মার্কেট সংলগ্ন ব্রীজের দুই পার্শ্বে মাটি ভরাটসহ ওয়াদুদ সরদারের রাস্তা পর্যন্ত রাস্তা পর্যন্ত রাস্তা ইটের সলিং দ্বারা উন্নয়ন।	যোগাযোগ	৫,০০,০০০/-
১৩	উত্তর তারাবুনিয়া ০৩নং ওয়ার্ড দেওয়ান বাজার পশ্চিম পাশের গলি এইচবিবি দ্বারা উন্নয়ন	যোগাযোগ	৪,০০,০০০/-
	উত্তর তারাবুনিয়া ০৩নং ওয়ার্ড দেওয়ান বাজার পূর্ব পাশের গলি ইটের সলিংকরণ	যোগাযোগ	৩,৪২,৫০০/-

উপরে বর্ণিত প্রকল্পের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ০১ হতে ১০ নং প্রকল্পগুলো প্রকল্প বাস্তবায়ন কমিটির এবং অবশিষ্ট ১১ থেকে ১৩ প্রকল্পগুলো দরপত্রের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদিত ১০% খাত হতে বাস্তবায়নের জন্য গৃহিত প্রকল্প সমূহের বিবরণ নিম্নরূপ:

ক্রমিক নং	প্রকল্পের নাম	খাত	বরাদ্দকৃত অর্থ
০১	রামভদ্রপুর সেনের বাজারে মধ্যগলিতে ড্রেন নির্মাণ ও স্লাব বসানো	জনস্বাস্থ্য	২,০০,০০০/-
০২	চরভাগা ইউনিয়নের গৌরাঙ্গ বাজারের মাছ বাজারের ভিটি পাকাকরণ	বাজার উন্নয়ন	২,০০,০০০/-

উপরে বর্ণিত প্রকল্পের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ০২টি প্রকল্প, প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

নিম্নে উল্লিখিত প্রকল্পগুলো সরাসরি বাস্তবায়নের জন্য অনুমোদন করা হয়।

০১। ছয়গাঁও বাংলা বাজারের মাছ বাজারের ড্রেন মেরামত। বরাদ্দ-২৫,০০০/- টাকা।
০২। আরশিনগর টেকের বাজারের মাছ বাজারের সামনের জায়গা সলিংকরণ। বরাদ্দ-২৫,০০০/- টাকা।
০৩। দক্ষিণ তারাবুনিয়া মাল বাজারের রাস্তা মেরামত। বরাদ্দ-২৫,০০০/- টাকা।
০৪। কাচিকাটা বোরকাঠি বাজারের রাস্তা মেরামত। বরাদ্দ-২৫,০০০/- টাকা।

সিদ্ধান্ত: উপজেলা প্রকৌশলী প্রাক্কলন প্রস্তুতসহ বাস্তবায়ন কার্যক্রম গ্রহণ করবেন।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা ব্যক্তিবর্গ ।

তানভীর-আল-নাসীফ
উপজেলা নির্বাহী অফিসার
ভেদরগঞ্জ, শরীয়তপুর।
২৩/০৩/২১

মো: হুমায়ুন কবির
চেয়ারম্যান
ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।